তারিখ 14 JUN 2016
পৃষ্ঠা ২৩ কলাম ৩

কালের কণ্ঠ

# সিলেটে কলেজ হোস্টেলে ছাত্রীর ঝুলন্ত লাশ

**সিলেট অফিস ▷**

সিলেট সরকারি মহিলা কলেজের ছাত্রী হোস্টেল থেকে সুবি বেগম (২০) নামের এক ছাত্রীর ঝুলন্ত লাশ উদ্ধার করা হয়েছে। রবিবার রাত ১১টায় পুলিশ লাশটি উদ্ধার করে। সুবি সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর উপজেলার শ্রীধরপাশা গ্রামের মো. বশর আলীর মেয়ে।

কলেজের হোস্টেল সুপার জামালুর রহমান জানান, সুবি বেগম ২০১৪-১৫ শিক্ষাবর্ষের অর্থনীতি অনার্স প্রথম বর্ষের শিক্ষার্থী ছিল। কলেজ হোস্টেলের পুরনো ভবনের দ্বিতীয় তলার ২১০ নম্বর কক্ষে আরো চার-পাঁচজন সহপাঠীর সঙ্গে থাকত সে। রোজার শুরুর দিকে অন্য ছাত্রীরা বাড়িতে চলে যাওয়ায় সুবি কয়েক দিন ধরে রুমে একা ছিল।

জানা গেছে, রবিবার ইফতারের আগে হোস্টেলের ছাত্রী ফারজানা ও তাহমিনা ২১০ নম্বর রুমের সামনে গিয়ে সুবিকে ডাকাডাকি করে কোনো সাড়া পায়নি। রাত সাড়ে ৮টার দিকে পাশের রুমের অন্যান্য ছাত্রীসহ ফারজানা ও তাহমিনা আবার সুবিকে ডাকাডাকি করে। ভেতর থেকে কোনো সাড়া না পাওয়ায় তারা বিষয়টি হোস্টেল কর্তৃপক্ষকে জানায়।